

## 309691 - প্যান্টের সাথে সংযুক্ত মোজার উপর মাসেহ করার বিধান

---

### প্রশ্ন

প্যান্টের সাথে সংযুক্ত মোজার উপর মাসেহ করার বিধান কি? (স্পষ্টীকরণ: যে ধরণের মোজা বেলি ড্যান্সা রেয়া পরে থাকে)? এ ধরণের মোজা পরা কি ইসবাল (টোকনুর নীচে পোশাক পরিধান) হিসেবে গণ্য হবে?

### প্রিয় উত্তর

মোজার উপর মাসেহ করা জায়েয; যদি সে মোজাদ্বয় পায়ের টোকনুদ্বয়কে আচ্ছাদিত করে রাখে এবং মোজাদ্বয় পরিপূর্ণ পবিত্র অবস্থায় পরিধান করা হয়। অর্থাৎ যে পবিত্রতা অর্জনের সময় পা-দ্বয় ধৌত করা হয়েছে। এরপর চাইলে মোজাদ্বয়ের ওপর মাসেহ করতে পারবে। মোজার ওপর মাসেহ করার শর্তগুলো জানার জন্য দেখুন: [12796](#) নং ও [9640](#) নং প্রশ্নোত্তর।

মোজাদ্বয় যদি প্যান্টের সাথে লেগে থাকে তাতে কোন অসুবিধা নাই। এ ধরণের প্যান্ট পরা ইসবাল (টোকনুর নীচে পোশাক পরিধান) হিসেবে গণ্য হবে না।

আল্লাহুই সর্বজ্ঞ।